# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ১১৫২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. নামাযে উচ্চস্বরে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়া ওয়াজিব এবং এ সম্পর্কে হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ وُجُوبِ قِرَاءَةِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) فِي الصَّلَاةِ ، وَالْجَهْرِ بِهَا ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

### আরবী

قَرَأْتُ فِي أَصْلِ كِتَابِ أَبِي بَكْرٍ أَحْمَدَ بْنِ عَمْرِو بْنِ جَابِرٍ الرَّمْلِيِّ ـ بِخَطِّ يَدِهِ ـ ثَنَا عُثْمَانُ بْنُ خُرَّزَاذَ ، ثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَوَكِّلِ بْنِ أَبِي السَّرِيِّ ، قَالَ : صَلَّيْتُ خَلْفَ الْمُعْتَمِرِ بْنِ سُلَيْمَانَ مِنَ الصَّلَوَاتِ مَا لَا أُحْصِيهَا ، الصُّبْحَ وَالْمَغْرِبَ ، فَكَانَ يَجْهَرُ بِ ( بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ) قَبْلَ فَاتِحَةِ الْكِتَابِ وَبَعْدَهَا ، وَسَمِعْتُ الْمُعْتَمِرَ يَقُولُ : مَا آلُو أَنْ أَقْتَدِيَ بِصَلَاةِ أَبِي ، وَقَالَ أَبِي : مَا آلُو أَنْ أَقْتَدِيَ بِصَلَاةِ أَنَسِ بْنِ مَالِكٍ ، وَقَالَ أَنَسٌ : مَا آلُو أَنْ أَقْتَدِيَ بِصَلَاةِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

### বাংলা

১১৫২(২৫). আবু বাকর আহমাদ ইবনে আমর ইবনে জাবের আর-রামালী (রহঃ) ... মুহাম্মাদ ইবনুল মুতাওয়াক্কিল ইবনে আবুস সারী (রহঃ) বলেন, আমি আল-মু’তামির ইবনে সুলায়মান (রহঃ)-এর পিছনে অসংখ্যবার ফজর ও মাগরিবের নামায পড়েছি। তিনি সূরা আল-ফাতিহার পূর্বে ও পরে সশব্দে বিসমিল্লাহির রহমানির রাহীম পড়েছেন। আর আমি আল-মু’তামির (রহঃ)-কে বলতে শুনেছি, আমি আমার পিতার নামাযের অনুসরণ করতে ত্রুটি করিনি এবং আমার পিতা বলেন, আমি আনাস ইবনে মালেক (রাঃ)-এর নামাযের অনুসরণ করতে ত্রুটি করিনি এবং আনাস (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নামাযের অনুসরণ করতে ত্রুটি করিনি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80941

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন